অনুবাদক—ভবানী মুখোপাধ্যায়

উৎসর্গ

শ্রী সাগরময় ঘোষ

বন্ধুবরেষু—

— এই লেখকের —

উপন্যাস

স্বর্গ হইতে বিদায়

কালোরাত

একালিনী নায়িকা

অগ্নিরথের সারথি

কান্নাহাসির দোলায়

গল্প

নির্জন গৃহকোণে

যথা পূর্বং

সেই মেয়েটি

অনুবাদ

বিপ্লবী যৌবন

ওয়ান ওয়ার্লড

মাদার রাশিয়া

ক্ষুরস্য ধারা

ছোটদের

মহাজীবন

ভূমিকা

অস্‌কার ওয়াইলডের জীবনের সবচেয়ে বড় দুর্ঘটনা তাঁর বিচার আর কারাদণ্ড। ওয়াইলডের অপরাধ সম্পর্কে বিচারক বলেছিলেন "Corruption of the most hideous kind among young men"—বেচারী অস্‌কার! প্রজাপতিকে যেন যাঁতাকলে পিষে মারা হ'ল। অস্‌কারের মত-সূক্ষ্ম-সংবেদনশীল ব্যক্তি বীভৎস ব্যাভিচারীর দুর্নামে কলংকিত হলেন।

অস্‌কারের শ্লেষাত্মক ছোট কবিতা, গভীর সৌন্দর্যানুভূতি ও মনোভংগী, 'আর্টের জন্যই আর্ট' এই নীতির প্রচারকের উপযুক্ত। এই কল্পনাবিলাসী মানুষটিকে রূঢ় বাস্তবতা ও মধ্যবিত্তের সমাজনীতির নিরিখে কি বিচার করা যায়? বিচারকের রায় শুনে আদালতে 'সেম' 'সেম' ধ্বনি উঠেছিল। যে-আইনের নাগপাশে তিনি জড়িয়ে পড়েছিলেন তার বিরুদ্ধে এই ক্ষীণ প্রতিবাদ। অস্‌কার ওয়াইলডের বিচার কাহিনীর বিস্তারিত বিবরণ—Trials of Oscar Wilde গ্রন্থে পাওয়া যায়, এই বিখ্যাত-বিচারের সাহিত্য-রসসমৃদ্ধ করুণ কাহিনী সাহিত্যের ইতিহাসে একটি উল্লেখযোগ্য গ্রন্থ।

অদৃষ্টের নির্মম পরিহাস যে ওয়াইলডকে একটা নৈতিক প্রশ্নের জন্য সর্বনাশ ও অখ্যাতি বরণ করতে হয়েছিল। সাফল্যের মুহূর্তে ভাগ্য আর নিজস্ব প্রকৃতির ক্রটীর ফলে তাঁর সর্বনাশ ঘটেছে। যে-সংকীর্ণমনা জনসাধারণকে তিনি উপহাস করেছেন, সবুজ কারণেশন তাদের কাছে প্রয়োজনহীন।

খ্যাতি ও সৌভাগ্যের পথ যখন সামনে প্রসারিত তখন মার্কুইস

অব কুইনসবেরীর আকৃতিতে অদৃষ্ট পুরুষ এসে পথরোধ করে দাঁড়ালেন। মার্কুইস তাঁর বাইশ বছরের ছেলে এলফ্রেডকে অস্‌কারের অশুভ প্রভাব থেকে মুক্ত করার জন্য এগিয়ে এলেন। অস্‌কারের বয়স তখন চল্লিশ। কুইনসবেরী লোকটি তেমন ভালো ছিলেন না, স্ত্রীর প্রতি পৈশাচিক ব্যবহার ও ছেলেদের ওপর নির্মম অত্যাচার করে তিনি সকলের অপ্রিয় হয়েছিলেন। অস্‌কারের ওপর তাঁর ছিল অসীম ঘৃণা ও তীব্র বিতৃষ্ণা। তিনি অস্‌কার ওয়াইল্‌ড সম্পর্কে বল্লেন—'Posing as a sodomite'। হঠকারিতার বশে ওয়াইল্‌ড এই অভিযোগের প্রতিবাদ করলেন, তাকে সমর্থন করলেন মার্কুইস তনয় লর্ড এলফ্রেড ডাগলাস। নৃশংস মার্কুইসকে জব্দ করাই ছিল তাঁর উদ্দেশ্য। ওয়াইল্‌ড মার্কুইস্‌কে মানহানির দায়ে অভিযুক্ত করলেন।

ওলড্ বেইলীর আদালতে সুবিচারের আশায় অস্‌কারের যাওয়া উচিত হয়নি। সন্দেহজনক চরিত্রের বহু যুবকের সংগে তাঁর ঘনিষ্ঠতা ছিল। তারা এলফ্রেড ডাগলাসকে লিখিত ওয়াইলডের কয়েকটি চিঠির জন্য ইতিমধ্যেই তাঁকে ব্ল্যাকমেল করার চেষ্টায় ছিল। তাদের মধ্যে একজন বলেছিল—"A very curious construction could be put on the letters." এমন সংকটজনক অবস্থাতেও রহস্য করে তিনি জবাব দিয়েছিলেন—"Art is rarely intelligible to the criminal classes."

মার্কুইস অভিযোগ সপ্রমান করার উদ্দেশ্যে ওয়েষ্ট এনডের আস্তাকুঁড়ে সন্ধান করে চার্লস ব্রুকফিলডকে সংগ্রহ করলেন। এই অভিনেতাটি অস্‌কারের এক নাটকে অভিনয় করতেন, আর নাট্যকারের বিরুদ্ধে তাঁর ছিল তীব্র ঘৃণা আর ভীষণ বিদ্বেষ। উভয়ের চেষ্টায় কয়েকটি উচ্ছৃঙ্খল যুবকও পাওয়া গেল। ওয়াইল্‌ড নেহাৎ অবিবেচকের মত একদা তাদের সংগে মেলা মেশা করতেন।

অস্‌কারের বন্ধুরা আসন্ন বিপদের আশংকায় উদ্বিগ্ন হয়ে তাঁকে দেশত্যাগ করতে পরামর্শ দিলেন, সে উপদেশ কিন্তু তিনি গ্রহণ করলেন না। বিচারের পূর্বদিন লর্ড ডাগলাস, ফ্রাঙ্ক হ্যারিস আর জর্জ-বার্ণাড শ' তিনজনে একত্রে লাঞ্চ খেলেন। হ্যারিস ও শ সম্ভাব্য বিপদের কথা উল্লেখ করে অস্‌কারকে বিদেশ যাত্রা করতে পরামর্শ দিলেন। কিন্তু অস্‌কার রাজী হলেন না, তাঁকে সমর্থন করলেন লর্ড ডাগলাস। মার্কুইস অব কুইনস্‌বেরীর পক্ষ সমর্থনে দাঁড়ালেন কুইনস্ কাউন্সেল এডওয়ার্ড কারসন। ইনি পরে মন্ত্রী ও আইনের লর্ড হয়েছিলেন। ডাবলিনের ট্রিনিটি কলেজে অস্‌কার আর কারসন উভয়ে ছিলেন সহপাঠি। একথা শুনে অস্‌কার মন্তব্য করলেন—"No doubt he will perform the task with all the added bitterness of an old friend." অসকারের এই কথা সত্য হয়েছিল। কারসনের জেরা আজো আইনজীবিদের আদর্শ।

জেরার মুখে অস্‌কার বলেছিলেন - "চিন্তার মধ্যে সুনীতি-দুর্নীতি বলে কিছু নেই। আছে শুধু দুর্নীতিমূলক ভাবাবেগ।"

"তাহ'লে বিকৃত নীতি সম্বলিত গ্রন্থকেও ভালো বলা যায় ?"

—"যে-গ্রন্থ প্রকৃত শিল্পকর্ম সে কোনো মতবাদ প্রচার করে না।"

—"ডোরিয়ান গ্রের ছবি বইটিকে বিকৃত রুচির উপন্যাস বলা যায় ?"

—"শুধু যারা বর্বর আর অশিক্ষিত তারা তাই মনে করবে।"

—"ডোরিয়ান গ্রের প্রতি শিল্পী বেসিলের স্নেহ ও ভালোবাসা সাধারণ ব্যক্তির কাছে একটা বিশেষ রুচির পরিচায়ক নয় কি ?"

—"সাধারণ ব্যক্তির মত ও মনোভাব সম্পর্কে আমার কোনো জ্ঞান নেই।"

কারসন বুঝ্‌লেন অস্‌কারের শ্লেষবাক্যের বর্মভেদ করা কঠিন।

তিনি এলফ্রেডকে লিখিত ওয়াইলডের চিঠির অংশ উদ্ধৃত করে বল্লেন—
"আপনি কি ডাগলাসকে ভালোবাসেন ?"

অস্‌কার—"না, তবে তাকে আমার ভালো লাগে। চিঠিটা একটি কবিতা—সাধারণ চিঠি নয়-এরপর হয়ত বল্‌বেন King Lear—বা সেক্‌সপীয়রের কোনো সনেট হয়ত রুচিসঙ্গত নয়।"

সাক্ষ্য এবং জেরার ফলে মামলার অবস্থা বুঝে ওয়াইলডের পক্ষের উকীলরা মামলা তুলে নিতে বল্‌লেন। তার অর্থ কুইনস্‌বেরীর অভিযোগ মেনে নেওয়া। আদালত তাঁকে দেশত্যাগ করার সময় দিলেন। ব্যাংক থেকে টাকাকড়ি তুলে তিনি দেশত্যাগ করার উপক্রম করছেন এমন সময় গ্রেপ্তার হয়ে আবার আদলতে এসে আসামীর কাঠগড়ায় দাঁড়ালেন। এইবার তাঁকে প্রশ্ন করা হয়—"What is the love that dare not speak its name ?" অস্‌কার এই প্রশ্নের যা উত্তর দিয়েছিলেন আদালত ও সাহিত্যের ইতিহাসে তা চিরস্মরণীয়। এই গ্রন্থের সংগেও তার যোগ আছে। তিনি উত্তর দিলেন—"The love that dare not speak its name in this country is such a great affection as there was between David and Jonathan, such as Plato made the very basis of his Philosophy, and such as you find in the sonnets of Michelangelo and Shakespeare. It is that deep, spiritual affection that is as pure as it is perfect...It is in this Century misunderstood, so much misunderstood that it may be described as the Love that dare not speak its name, and on account of it I am placed where I am now. It is beautiful, it is fine, it is the noblest form of affection, There is nothing unnatural about it."

এই সংক্ষিপ্ত বক্তৃতা আদালত কক্ষে এমন প্রচণ্ড প্রশস্তিলাভ করে

যে বিচারক দর্শকদের আদালত কক্ষ থেকে বিতাড়িত করার হুমকী দেন, আর জুরীরা একমত হ'তে পারেন নি।

ডোরিয়ান গ্রের ছবি গ্রন্থটির মধ্যে অস্কার ওয়াইলডের উপরোক্ত অভিমতটি প্রচ্ছন্ন রয়েছে। ডোরিয়ান গ্রে গ্রন্থটি তাই একধারে রূপক ও বাস্তব উপন্যাস। গভীর অন্তর্দৃষ্টির ফলে অস্কার একবার বলেছিলেন —"No, I do not seek happiness, but pleasure, which is much more tragic," এই বাক্যটিতে শুধু যে ওয়াইলডের জীবন বেদ প্রচ্ছন্ন আছে তা নয়—এর মধ্যে আধুনিককালের রূপক 'পিকচার অব ডোরিয়ান গ্রে'র সারমর্ম বলা হয়েছে। ভালো এবং মন্দের দ্বন্দে তরুণ নায়ক ডোরিয়ান গ্রেকে একটা পথ বেছে নিতে হয়েছে। 'ডোরিয়ান গ্রের ছবি' গ্রন্থটি 'আর্টের জন্যই আর্ট' নীতির পাঁচালী বলে অভিহিত করলেও, অবশেষে তিনি স্বীকার করেছিলেন গ্রন্থটির অন্তর্নিহিত নীতিকথা বা মর‍্যাল অতি নিদারুণ। তিনি প্রশ্ন করেছেন— "এই ত্রুটী কি শিল্পগত? আমার মনে হয় তাই, বইটির এই একমাত্র ত্রুটী!"

বৃথাই ওয়াইল্ড প্রতিবাদ করেছেন - সুন্দর রসবস্তুর ভেতর যারা কদর্য অর্থ খুঁজে পায় তারা ব্যাভিচারী।' বৃথাই তিনি তাঁর সমালোচকদের সম্পর্কে অভিযোগ জানিয়েছেন যে তাঁর গ্রন্থে যে সব পাপ আর অনাচারের কথা তাঁরা উল্লেখ করেছেন সে সব তাঁদেরই আবিষ্কার।

যে বিখ্যাত রচনা এতখানি আন্দোলন সুরু করেছিল, যার জন্য এত প্রতিবাদ, পরবর্তীকালে এডওয়ার্ড কারসন যে-গ্রন্থটি হাতিয়ার করে পর পর তিনটি ওয়াইল্ড মামলায় খ্যাতিলাভ করেছেন—তা সর্বপ্রথম প্রকাশিত হয়—'Lippincott's Magazine' নামক নীতি-বাগীশ অভিজাত মার্কিন পত্রিকায়। সমসাময়িক সাহিত্যিকদের দ্বারা

রচিত একটি সম্পূর্ণ উপন্যাস তাঁরা প্রতি সংখ্যায় প্রকাশের ব্যবস্থা করেছিলেন। তাঁরা শুধু জুলাই, ১৮৯০ সংখ্যায় সম্পূর্ণ উপন্যাসটি প্রকাশ করেই ক্ষান্ত হ'ন নি, ১৮৯০ খৃষ্টাব্দের সাহিত্য সঞ্চয়নেও ডোরিয়ান গ্রে গ্রন্থটিকে প্রথম স্থান দিয়েছিলেন। সমসাময়িক অন্যান্য লেখকরা আজ সবাই বিস্মৃতির অতল তলে মিলিয়ে গিয়েছেন, Lippincott মাসিক পত্রিকার সম্পাদকরা ডোরিয়ান গ্রে গ্রন্থটিকে একটি 'মাষ্টারপীস্' বা মহৎ শিল্পকর্ম হিসাবে গ্রহণ করেছিলেন। এই উপন্যাসটির চিরবর্ধমান জনপ্রিয়তাই তার প্রমাণ—একই গ্রন্থের এত রকমের সংস্করণ এক সংগে আর বড় দেখা যায় না। অনুমোদিত সংস্করণ ছাড়া চোরাই সংস্করণও প্রচুর। অনুমোদিত সংস্করণে বেসিল হলওয়ার্ডের 'শিল্পীর কৈফিয়ৎ' নামক অংশটি নেই। সুতরাং বর্তমান অনুবাদগ্রন্থে আমিও তা গ্রহণ করিনি।

এই গ্রন্থ রচনাকালে অসকার ওয়াইলডের বয়স ছত্রিশ, তিনি বিবাহিত এবং বিশেষ অর্থকষ্টে বিব্রত। চিরদিন শুধু তিনি আর্টের খাতিরে কাজ করে এসেছেন এবার অর্থের মোহে রচনায় হাত দিলেন। কিন্তু আর্ট-বা-অর্থ, দুটি বস্তুর যে কোনো একটির মোহে তিনি লিখে থাকুন—এই গ্রন্থে ওয়াইল্ড স্বপ্রকাশ, ওয়াইলডের প্রতিভার সারাৎসার ডোরিয়ান গ্রের ছবি। ওয়াইলডের যা কিছু ত্রুটি, যা মহৎ, তাঁর যা কিছু সদ্গুণ,—যা মহত্তর, তা এই গ্রন্থে পরিস্ফুট। ফ্লবেয়ার যেমন আপনাকে মাদাম বোভারী বলে স্বীকার করেছিলেন, ওয়াইল্ডও হয়ত তেমনই বলতে পারতেন তিনিই ডোরিয়ান।

১৮৯১ খৃষ্টাব্দে ওয়ার্ড লক এণ্ড কোম্পানী আরো তেরটি অতিরিক্ত পরিচ্ছেদ সংযোগ করে এই গ্রন্থটি সর্বপ্রথম প্রকাশ করেন। প্রকাশক অনুরোধ করেছিলেন—"ডোরিয়ানকে কি আর একটু বাঁচিয়ে রাখা যায় না?—অনুশোচনার ফলে সে কি সৎ হ'তে পারে না?"